**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
**সংখ্যা ৬৭/২০১৮-১৯**
**ঢাকা, বুধবার ৩ অক্টোবর ২০১৮, ১৮ আশ্বিন ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি আজ নেত্রকোনা যাচ্ছেন

২। প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আজ

৩। একনেকে চার নদীর নাব্যতা পুনরুদ্ধারে প্রকল্প অনুমোদন

৪। ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ইন্দোনেশিয়ায় সর্বাত্মক সহায়তায় প্রস্তুত বাংলাদেশ : ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টকে প্রধানমন্ত্রীর টেলিফোন

৫। স্পিকারের সঙ্গে আইএপিপি প্রেসিডেন্টের বৈঠক : জলবায়ু পরিবর্তন, এসডিজি ও সুশাসন নিয়ে আলোচনা

৬। কম খরচে মানসম্মত পণ্য উৎপাদন করতে হবে : কৃষিমন্ত্রী

৭। প্রবীণদের জন্য বয়স্কবীমা চালুর আহ্বান সমাজকল্যাণমন্ত্রীর

৮। প্রধানমন্ত্রী ১৩ অক্টোবর পদ্মাসেতুর অগ্রগতি পরিদর্শন করবেন : সেতুমন্ত্রী

৯। ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধনের সুযোগ রয়েছে : বিবিসিকে তথ্যমন্ত্রী

১০। প্রধানমন্ত্রীর নির্দেশে দেশে শতভাগ বিদ্যুতায়ন কাজ চলছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী পিরোজপুরের ভাণ্ডারিয়ায় বিদ্যুৎ উপকেন্দ্র উদ্বোধন

১১। জনগণের তথ্য ও গোপনীয়তা রক্ষার স্বার্থেই ডিজিটাল নিরাপত্তা আইন : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা

১২। দুর্গাপূজা উপলক্ষে থাকবে নিশ্ছিদ্র নিরাপত্তা : ডিএমপি কমিশনার

১৩। প্রথম প্রান্তিকে রেমিট্যান্স বেড়েছে ১৪ শতাংশ

১৪। সাফ অনূর্ধ্ব-১৮ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবল টুর্নামেন্টে নেপালকে হারিয়ে সেমিফাইনালে বাংলাদেশ

চলমান পাতা-২



১। **রাষ্ট্রপতি আজ নেত্রকোনা যাচ্ছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ (৩ অক্টোবর বুধবার) নেত্রকোনা সফরে যাচ্ছেন। প্রথমবারের মতো নেত্রকোনায় আয়োজিত আন্তর্জাতিক লোকসংস্কৃতি উৎসবের উদ্বোধন করবেন তিনি। এ উপলক্ষে নেত্রকোনায়

নেওয়া হয়েছে ব্যাপক প্রস্তুতি। এছাড়া শেখ কামাল আইটি ট্রেনিং অ্যান্ড ইনকিউবিশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন তিনি। এ উৎসবের প্রতিপাদ্য 'আন্তর্জাতিক প্রেক্ষাপটে ময়মনসিংহ গীতিকা'। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** ( শেষ পৃ, ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**২। প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আজ**

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে যোগদান নিয়ে আজ (৩ অক্টোবর বুধবার) বিকেল ৪টায় সংবাদসম্মেলন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে এ সংবাদসম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ ,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৩। একনেকে চার নদীর নাব্যতা পুনরুদ্ধারে প্রকল্প অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সাবলীল এবং নিরাপদে নৌযান চলাচল নিশ্চিত করতে চারটি নদীতে নাব্যতা ফিরিয়ে আনার লক্ষ্যে ৪ হাজার ৩৭১ কোটি টাকা ব্যয়ে একটি প্রকল্প অনুমোদন করেছে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বর্তমান অর্থবছরে একনেকের ৮ম সভায় 'পুরনো ব্রহ্মপুত্র, ধরলা, তুলাই ও পুনর্ভবা নদ-নদীর নাব্যতা উন্নয়ন ও পুনরুদ্ধার' শীর্ষক প্রকল্পটি অনুমোদন করা হয়। সভাশেষে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান সাংবাদিকদের বলেন, আজকের সভায় আনুমানিক **১৩** হাজার **২১৮** কোটি **৩১** লাখ টাকা ব্যয়ে **১৫**টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৪। ভূম্পিকম্পে ক্ষতিগ্রস্ত ইন্দোনেশিয়ায় সর্বাত্মক সহায়তায় প্রস্তুত বাংলাদেশ : ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টকে প্রধানমন্ত্রীর টেলিফোন**

ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ইন্দোনেশিয়ায় সব ধরনের সাহায্য পাঠাতে প্রস্তুত বলে সে দেশের প্রেসিডেন্ট জোকো উইদোদোকে বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভয়াবহ ভূমিকম্প ও সুনামিতে বিধ্বস্ত ইন্দোনেশিয়ার সুলাওয়েসি দ্বীপে মৃতের সংখ্যা **১৩**শ'জন ছাড়িয়েছে। এ পরিস্থিতিতে সমবেদনা জানিয়ে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টকে গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা টেলিফোনে বলেন, বাংলাদেশ এ দুর্যোগে ইন্দোনেশিয়ায় সব ধরনের সাহায্য পাঠাতে প্রস্তুত। প্রধানমন্ত্রী ভূমিকম্প ও সুনামিতে ইন্দোনেশিয়ায় জীবন ও সম্পদহানিতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। এ সময় তিনি নিহতদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**৫। স্পিকারের সঙ্গে আইএপিপি প্রেসিডেন্টের বৈঠক : জলবায়ু পরিবর্তন, এসডিজি ও সুশাসন নিয়ে আলোচনা**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অভ্ পার্লামেন্টারিয়ানস ফর পিস (আইএপিপি) এর এশিয়া প্যাসিফিক প্রেসিডেন্ট ইকনাথ ডালকান সৌজন্য সাক্ষাৎ করেছেন। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনে সাক্ষাৎকালে তাঁরা জলবায়ু পরিবর্তন, এসডিজি, সুশাসনসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। ইকনাথ ডালকান আগামি ৩০ নভেম্বর থেকে ২ ডিসেম্বর নেপালের কাঠমুন্ডুতে আইএপিপি'র উদ্যোগে 'এশিয়া প্যাসিফিক সামিট ২০১৮-নেপাল' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হবে বলে স্পিকারকে অবহিত করেন। এ সময় তিনি স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে অনুষ্ঠানে যোগ দিতে নেপালের স্পিকারের পক্ষ থেকে আমন্ত্রণ জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬)।

**৬। কম খরচে অধিক মানসম্মত পণ্য উৎপাদন করতে হবে : কৃষিমন্ত্রী**

দেশের উৎপাদনশীলতা দিন দিন বাড়ছে। আগামী দিনের উন্নয়নে উৎপাদনশীলতা বাড়াতে **১৬** কোটি মানুষ বড় শক্তি হিসেবে কাজ করবে বলে উল্লেখ করেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। তিনি বলেন, দেশের মানুষকে দক্ষ হিসেবে তৈরি করতে হবে। কর্মক্ষম মানুষের মেধা ও শ্রম কাজে লাগাতে পারলে তা সম্পদে পরিণত হবে। তাহলে এ দেশ উৎপাদনশীলতায় সাফল্যের স্বর্ণশিখরে পৌঁছাবে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে উৎপাদনশীলতা দিবসের সেমিনারে এসব কথা বলেন কৃষিমন্ত্রী। কৃষিমন্ত্রী বলেন, উৎপাদনশীলতা বাড়াতে না পারলে বিশ্বায়নের যুগে পিছিয়ে পড়তে হবে। সেক্ষেত্রে নিম্ন উৎপাদনশীলতা থেকে বেরিয়ে গতিশীল উৎপাদনশীল দেশে পরিণত হতে হবে। কম খরচে অধিক মানসম্মত পণ্য উৎপাদন করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **যুগান্তর** (পৃ.১৭,ক.৮)।

**৭। প্রবীণদের জন্য বয়স্কবীমা চালুর আহ্বান সমাজকল্যাণমন্ত্রীর**

প্রবীণদের জন্য বয়স্ক বীমা স্কীম চালু করতে বীমা কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) প্রেস ইনস্টিটিউট অভ্ বাংলাদেশ-(পিআইবি) আয়োজিত 'পিআইবি-প্রবীণবন্ধু সম্মাননা ২০১৮ ও প্রবীণের অধিকার, টেকসই উন্নয়ন ও গণমাধ্যমের ভুমিকা' শীষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান। সমাজকল্যাণ মন্ত্রী বলেন, শেষ বয়সে প্রবীণ ব্যক্তিদের অসহায়ত্বের কথা বিবেচনা করে সরকার পিতামাতা ভরণপোষণ আইন করেছে। প্রবীণ নীতিমালা করা হয়েছে যাতে প্রবীণ ব্যক্তিরা বাসে, ট্রেনে, হাসপাতালসহ সব যানবাহনে বিশেষ সুবিধা লাভ করেন। প্রবীণদের জন্য প্রবীণ উন্নয়ন ফাউন্ডেশন আইনটি চালু করার ব্যাপারে নতুনভাবে উদ্যোগ নেওয়া হচ্ছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৮। প্রধানমন্ত্রী ১৩ অক্টোবর পদ্মাসেতুর অগ্রগতি পরিদর্শন করবেন : সেতুমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী **১৩** অক্টোবর পদ্মাসেতু ও এক্সপ্রেসওয়ের চলমান কাজের অগ্রগতি পরিদর্শন করবেন। একইসঙ্গে পদ্মা রেলসংযোগের ভিত্তিপ্রস্তর স্থাপন ও মাওয়া প্রাঙ্গণে **১** হাজার ৩০০ মিটার নদীরক্ষা কাজের উদ্বোধন করবেন। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) বনানী সেতুভবনে পদ্মাসেতু প্রকল্প, এক্সপ্রেসওয়ে, নদীশাসন কাজ সংলগ্ন এলাকার স্থায়ী নদীতীর সংরক্ষণ এবং পদ্মাসেতু রেললিংক নির্মাণকাজের প্রস্তুতি সংক্রান্ত সভাশেষে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**৯। ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধনের সুযোগ রয়েছে : বিবিসিকে তথ্যমন্ত্রী**

ডিজিটাল নিরাপত্তা আইন প্রসঙ্গে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, যে কোনো আইন পরিবর্তন বা সংশোধনের জায়গা সব সময়ই থাকে। সেটা সংসদ এবং মন্ত্রিপরিষদই করে। এ সুযোগ সব সময়ই থাকবে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে মন্ত্রী এসব কথা বলেন। ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে সম্পাদকদের তীব্র আপত্তির মুখে আইনটি আবারও মন্ত্রিসভায় তোলার সিদ্ধান্ত হয়েছে। কেন আইনটি আবারও মন্ত্রিসভায় তোলার সিদ্ধান্ত নেওয়া হলো জানতে চাইলে তথ্যমন্ত্রী বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনটি সংসদ পাস করেছে। এখন সেটি রাষ্ট্রপতির চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। এমন পরিস্থিতিতে সম্পাদক পরিষদ এবং সাংবাদিক নেতারা কতিপয় বিষয়ে সুপারিশ প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ সদস্যদের বিষয়গুলো অবহিত করব। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১)।

**১০। প্রধানমন্ত্রীর নির্দেশে দেশে শতভাগ বিদ্যুতায়ন কাজ চলছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**
**পিরোজপুরের ভাণ্ডারিয়ায় বিদ্যুৎ উপকেন্দ্র উদ্বোধন**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, আজ বাংলাদেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে শতভাগ বিদ্যুতায়নের কাজ চলছে, দেশজুড়ে আলোর নেটওয়ার্ক সৃষ্টি হয়েছে। প্রতিটি ঘর আলোকিত হওয়ার সঙ্গে সঙ্গে বাংলাদেশে একটি নতুন বাংলাদেশ তৈরি হয়েছে। এ বিদ্যুতায়নের ফলে বাংলাদেশে এখন মানুষের মধ্যে কর্মক্ষমতার এক স্ফুরণ সৃষ্টি হচ্ছে। প্রধানমন্ত্রীর নির্দেশে আগামীতে বিদ্যুতের সদ্ব্যবহার করে দেশের দক্ষিণাঞ্চলকে আরও সমৃদ্ধশালী করা হবে। তিনি গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) পিরোজপুর জেলার ভাণ্ডারিয়া উপজেলার ধাওয়া গ্রামে একটি বৈদ্যুতিক উপকেন্দ্র উদ্বোধন উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫)।

**১১। জনগণের তথ্য ও গোপনীয়তা রক্ষার স্বার্থেই ডিজিটাল নিরাপত্তা আইন : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, যাদের মিথ্যা সংবাদ ছাপানোর উদ্দেশ্য নেই, ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ নিয়ে তাদের ভয়ের কিছু নেই। কারণ, আইনটি জনগণের তথ্য ও গোপনীয়তা সুরক্ষার জন্য প্রণীত হয়েছে। প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা তাঁর নিজস্ব ফেসবুক অ্যাকাউন্টে ডিজিটাল নিরাপত্তা আইনের কিছু ধারার সমালোচনার ব্যাপারে তাঁর মতামত তুলে ধরেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**১২। দুর্গাপূজা উপলক্ষে থাকবে নিশ্ছিদ্র নিরাপত্তা : ডিএমপি কমিশনার**

ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, শারদীয় দুর্গাপূজাকে ঘিরে ঢাকা মহানগর পুলিশের পক্ষ থেকে নেওয়া হয়েছে কঠোর নিশ্ছিদ্র সমন্বিত নিরাপত্তা ব্যবস্থা। দুর্গাপূজাকে ঘিরে সোশ্যাল মিডিয়া ও অন্যান্য মাধ্যমে ছড়ানো কোনো গুজবে কান না দিয়ে নিশ্চিন্তে উৎসব করুন, পুলিশ নিরাপত্তা দেবে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) ঢাকা মহানগর পুলিশ সদরদপ্তর সম্মেলনকক্ষে অনুষ্ঠিত আসন্ন শারদীয় দুর্গাপূজার নিরাপত্তা সংক্রান্ত সভায় হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দের উদ্দেশ্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**১৩। প্রথম প্রান্তিকে রেমিট্যান্স বেড়েছে ১৪ শতাংশ**

চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) প্রবাসী বাংলাদেশিরা ব্যাংকিং চ্যানেলে মোট ৩৮৬ কোটি মার্কিন ডলার সমপরিমাণ অর্থ দেশে পাঠিয়েছেন। গত অর্থবছরের একই সময়ের তুলনায় যা প্রায় **১৪** শতাংশ বেশি। মূলত হুন্ডি প্রতিরোধে কেন্দ্রীয় ব্যাংকের বিভিন্ন পদক্ষেপ ও আগের চেয়ে ভালো বিনিময় হার পাওয়ায় রেমিট্যান্স বাড়ছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৪)।

**১৪। সাফ অনূর্ধ্ব-১৮ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবল টুর্নামেন্টে নেপালকে হারিয়ে সেমিফাইনালে বাংলাদেশ**

ভুটানে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৮ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবল টুর্নামেন্টে বাংলাদেশ গ্রুপ পর্বের প্রথম ম্যাচে পাকিস্তানের বিপক্ষে ১৭-০ গোলে জয় পায়। ভুটানের চাংলিমিথাং ফুটবল স্টেডিয়ামে গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) গ্রুপ পর্বে নিজেদের শেষ ম্যাচে নেপাল অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল দলকে ২-১ গোলে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়েই সেমিফাইনালে উঠল বাংলাদেশ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

## সম্পাদকীয়

**ক.** **যায়যায়দিন :** দেশের চার নদীর নাব্যসংকট নিরসনে প্রায় সাড়ে চার হাজার কোটি টাকার প্রকল্প নিয়েছে সরকার এ খবরে সন্তোষ প্রকাশ করে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **বণিক বার্তা :** বিভিন্ন কোম্পানির অ্যাপভিত্তিক রাইড শেয়ারিং সেবা চালুর কারণে ঢাকায় মোটরসাইকেলের সংখ্যা বেড়েছে। বেপরোয়া মোটরসাইকেল চালকের কারণে রেড়েছে সড়কদুর্ঘটনা উল্লেখ করে এসব বেপরোয়া মোটরসাইকেল নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**গ.** **ইত্তেফাক :** বাংলাদেশ ইনস্টিটিউট অভ্‌ ব্যাংক ম্যানেজমেন্টের এক গবেষণা প্রতিবেদনে দেশের ২৮ শতাংশ ব্যাংকের বড় ধরনের সাইবার আক্রমণ মোকাবিলার কোনো প্রস্তুতি নাই, আংশিক প্রস্তুতি রয়েছে ৩৪ শতাংশ ব্যাংকের, অবশিষ্ট ৩৮ শতাংশ ব্যাংক যেকোনো ধরনের সাইবার আক্রমণ মোকাবিলায় প্রস্তুত এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ খাতে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **সংবাদ :** দেশে ব্যাপকহারে মানবদেহের জন্য ক্ষতিকর এনার্জি ড্রিংকসের ব্যবহার বাড়ায় উদ্বেগ প্রকাশ করে তরুণ প্রজন্মকে এ ব্যাপারে সচেতন করার আহ্বান।

ঙ. **ভোরের কাগজ :** দখলের কারণে রাজধানীর অধিকাংশ ফুটপাত চলাচলের আযোগ্য হয়ে পড়েছে উল্লেখ করে সড়ক-ফুটপাত অবৈধ দখলমুক্ত করে হকারদের পুনর্বাসনের ব্যবস্থা করার সুপারিশ।

**চ.** **নিউ এজ :** প্লাস্টিকপণ্যের দূষণকবলিত ২০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১০ম এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর প্লাস্টিক ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ করার দাবি।

**ছ.** **নিউ নেশন :** ডেঙ্গু জ্বরের প্রকোপ বেড়ে গেছে উল্লেখ করে এর প্রাদুর্ভাব রোধে মশানিধনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**জ.** **অবজারভার :** পোল্ট্রি মুরগির জন্য ভেজালমুক্ত, নিরাপদ, স্বাস্থ্যকর খাবার সরবরাহ করার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ব-দ্বীপ পরিকল্পনা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সুদূরপ্রসারী উন্নয়নের রূপকল্প, যার মাধ্যমে বাংলাদেশে আগামী কয়েক দশকে ভূমি ও পানিসম্পদ ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ করা হবে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'উন্নয়নের অগ্রযাত্রায় দেশের কৃষি খাতের অবদান'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষিক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়োপযোগী পদক্ষেপ এবং কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরীর সঠিক দিকনির্দেশনায় খোরপোশের কৃষি আজ বাণিজ্যিক কৃষিতে রূপান্তরিত হয়েছে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৬৭/২০১৮-১৯

ঢাকা, বুধবার ৩ অক্টোবর ২০১৮, ১৮ আশ্বিন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি আজ নেত্রকোনা যাচ্ছেন

২। প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আজ

৩। একনেকে চার নদীর নাব্যতা পুনরুদ্ধারে প্রকল্প অনুমোদন

৪। ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ইন্দোনেশিয়ায় সর্বাত্মক সহায়তায় প্রস্তুত বাংলাদেশ :
ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টকে প্রধানমন্ত্রীর টেলিফোন

৫। স্পিকারের সঙ্গে আইএপিপি প্রেসিডেন্টের বৈঠক :
জলবায়ু পরিবর্তন, এসডিজি ও সুশাসন নিয়ে আলোচনা

৬। কম খরচে মানসম্মত পণ্য উৎপাদন করতে হবে : কৃষিমন্ত্রী

৭। প্রবীণদের জন্য বয়স্কবীমা চালুর আহ্বান সমাজকল্যাণমন্ত্রীর

৮। প্রধানমন্ত্রী ১৩ অক্টোবর পদ্মাসেতুর অগ্রগতি পরিদর্শন করবেন : সেতুমন্ত্রী

৯। ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধনের সুযোগ রয়েছে : বিবিসিকে তথ্যমন্ত্রী

১০। প্রধানমন্ত্রীর নির্দেশে দেশে শতভাগ বিদ্যুতায়ন কাজ চলছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় বিদ্যুৎ উপকেন্দ্র উদ্বোধন

১১। জনগণের তথ্য ও গোপনীয়তা রক্ষার স্বার্থেই ডিজিটাল নিরাপত্তা আইন : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা

১২। দুর্গাপূজা উপলক্ষে থাকবে নিশ্ছিদ্র নিরাপত্তা : ডিএমপি কমিশনার

১৩। প্রথম প্রান্তিকে রেমিট্যান্স বেড়েছে ১৪ শতাংশ

১৪। সাফ অনূর্ধ্ব-১৮ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবল টুর্নামেন্টে নেপালকে হারিয়ে সেমিফাইনালে বাংলাদেশ

চলমান পাতা-২

**১।	রাষ্ট্রপতি আজ নেত্রকোনা যাচ্ছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ (৩ অক্টোবর বুধবার) নেত্রকোনা সফরে যাচ্ছেন। প্রথমবারের মতো নেত্রকোনায় আয়োজিত আন্তর্জাতিক লোকসংস্কৃতি উৎসবের উদ্বোধন করবেন তিনি। এ উপলক্ষে নেত্রকোনায় নেওয়া হয়েছে ব্যাপক প্রস্তুতি। এছাড়া শেখ কামাল আইটি ট্রেনিং অ্যান্ড ইনকিউভিশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন তিনি। এ উৎসবের প্রতিপাদ্য 'আন্তর্জাতিক প্রেক্ষাপটে ময়মনসিংহ গীতিকা'। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** ( শেষ পৃ, ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**২।	প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আজ**

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে যোগদান নিয়ে আজ (৩ অক্টোবর বুধবার) বিকেল ৪টায় সংবাদসম্মেলন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে এ সংবাদসম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ ,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৩।	একনেকে চার নদীর নাব্যতা পুনরুদ্ধারে প্রকল্প অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সাবলীল এবং নিরাপদে নৌযান চলাচল নিশ্চিত করতে চারটি নদীতে নাব্যতা ফিরিয়ে আনার লক্ষ্যে ৪ হাজার ৩৭১ কোটি টাকা ব্যয়ে একটি প্রকল্প অনুমোদন করেছে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বর্তমান অর্থবছরে একনেকের ৮ম সভায় 'পুরনো ব্রহ্মপুত্র, ধরলা, তুলাই ও পুনর্ভবা নদ-নদীর নাব্যতা উন্নয়ন ও পুনরুদ্ধার' শীর্ষক প্রকল্পটি অনুমোদন করা হয়। সভাশেষে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান সাংবাদিকদের বলেন, আজকের সভায় আনুমানিক **১৩** হাজার **২১৮** কোটি **৩১** লাখ টাকা ব্যয়ে **১৫**টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৪।	ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ইন্দোনেশিয়ায় সর্বাত্মক সহায়তায় প্রস্তুত বাংলাদেশ :**
**ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টকে প্রধানমন্ত্রীর টেলিফোন**

ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ইন্দোনেশিয়ায় সব ধরনের সাহায্য পাঠাতে প্রস্তুত বলে সে দেশের প্রেসিডেন্ট জোকো উইদোদোকে বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভয়াবহ ভূমিকম্প ও সুনামিতে বিধ্বস্ত ইন্দোনেশিয়ার সুলাওয়েসি দ্বীপে মৃতের সংখ্যা **১৩**শ'জন ছাড়িয়েছে। এ পরিস্থিতিতে সমবেদনা জানিয়ে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টকে গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা টেলিফোনে বলেন, বাংলাদেশ এ দুর্যোগে ইন্দোনেশিয়ায় সব ধরনের সাহায্য পাঠাতে প্রস্তুত। প্রধানমন্ত্রী ভূমিকম্প ও সুনামিতে ইন্দোনেশিয়ায় জীবন ও সম্পদহানিতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। এ সময় তিনি নিহতদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**৫।	স্পিকারের সঙ্গে আইএপিপি প্রেসিডেন্টের বৈঠক :**
**জলবায়ু পরিবর্তন, এসডিজি ও সুশাসন নিয়ে আলোচনা**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অভ্‌ পার্লামেন্টারিয়ানস ফর পিস (আইএপিপি) এর এশিয়া প্যাসিফিক প্রেসিডেন্ট ইকনাথ ডালকান সৌজন্য সাক্ষাৎ করেছেন। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনে সাক্ষাৎকালে তাঁরা জলবায়ু পরিবর্তন, এসডিজি, সুশাসনসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। ইকনাথ ডালকান আগামি ৩০ নভেম্বর থেকে ২ ডিসেম্বর নেপালের কাঠমুন্ডুতে আইএপিপি'র উদ্যোগে 'এশিয়া প্যাসিফিক সামিট ২০১৮-নেপাল' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হবে বলে স্পিকারকে অবহিত করেন। এ সময় তিনি স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে অনুষ্ঠানে যোগ দিতে নেপালের স্পিকারের পক্ষ থেকে আমন্ত্রণ জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬)।

**৬।	কম খরচে অধিক মানসম্মত পণ্য উৎপাদন করতে হবে : কৃষিমন্ত্রী**

দেশের উৎপাদনশীলতা দিন দিন বাড়ছে। আগামী দিনের উন্নয়নে উৎপাদনশীলতা বাড়াতে **১৬** কোটি মানুষ বড় শক্তি হিসেবে কাজ করবে বলে উল্লেখ করেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। তিনি বলেন, দেশের মানুষকে দক্ষ হিসেবে তৈরি করতে হবে। কর্মক্ষম মানুষের মেধা ও শ্রম কাজে লাগাতে পারলে তা সম্পদে পরিণত হবে। তাহলে এ দেশ উৎপাদনশীলতায় সাফল্যের স্বর্ণশিখরে পৌঁছাবে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে উৎপাদনশীলতা দিবসের সেমিনারে এসব কথা বলেন কৃষিমন্ত্রী। কৃষিমন্ত্রী বলেন, উৎপাদনশীলতা বাড়াতে না পারলে বিশ্বায়নের যুগে পিছিয়ে পড়তে হবে। সেক্ষেত্রে নিম্ন উৎপাদনশীলতা থেকে বেরিয়ে গতিশীল উৎপাদনশীল দেশে পরিণত হতে হবে। কম খরচে অধিক মানসম্মত পণ্য উৎপাদন করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **যুগান্তর** (পৃ.১৭,ক.৮)।

**৭।	প্রবীণদের জন্য বয়স্কবীমা চালুর আহ্বান সমাজকল্যাণমন্ত্রীর**

প্রবীণদের জন্য বয়স্ক বীমা স্কীম চালু করতে বীমা কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) প্রেস ইনস্টিটিউট অভ্ বাংলাদেশ-(পিআইবি) আয়োজিত 'পিআইবি-প্রবীণবন্ধু সম্মাননা ২০১৮ ও প্রবীণের অধিকার, টেকসই উন্নয়ন ও গণমাধ্যমের ভূমিকা' শীষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান। সমাজকল্যাণ মন্ত্রী বলেন, শেষ বয়সে প্রবীণ ব্যক্তিদের অসহায়ত্বের কথা বিবেচনা করে সরকার পিতামাতা ভরণপোষণ আইন করেছে। প্রবীণ নীতিমালা করা হয়েছে যাতে প্রবীণ ব্যক্তিরা বাসে, ট্রেনে, হাসপাতালসহ সব যানবাহনে বিশেষ সুবিধা লাভ করেন। প্রবীণদের জন্য প্রবীণ উন্নয়ন ফাউন্ডেশন আইনটি চালু করার ব্যাপারে নতুনভাবে উদ্যোগ নেওয়া হচ্ছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৮।	প্রধানমন্ত্রী ১৩ অক্টোবর পদ্মাসেতুর অগ্রগতি পরিদর্শন করবেন : সেতুমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী **১৩** অক্টোবর পদ্মাসেতু ও এক্সপ্রেসওয়ের চলমান কাজের অগ্রগতি পরিদর্শন করবেন। একইসঙ্গে পদ্মা রেলসংযোগের ভিত্তিপ্রস্তর স্থাপন ও মাওয়া প্রাঙ্গণে **১** হাজার ৩০০ মিটার নদীরক্ষা কাজের উদ্বোধন করবেন। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) বনানী সেতুভবনে পদ্মাসেতু প্রকল্প, এক্সপ্রেসওয়ে, নদীশাসন কাজ সংলগ্ন এলাকার স্থায়ী নদীতীর সংরক্ষণ এবং পদ্মাসেতু রেললিংক নির্মাণকাজের প্রস্তুতি সংক্রান্ত সভাশেষে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**৯।	ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধনের সুযোগ রয়েছে : বিবিসিকে তথ্যমন্ত্রী**

ডিজিটাল নিরাপত্তা আইন প্রসঙ্গে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, যে কোনো আইন পরিবর্তন বা সংশোধনের জায়গা সব সময়ই থাকে। সেটা সংসদ এবং মন্ত্রিপরিষদই করে। এ সুযোগ সব সময়ই থাকবে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) বিবিসিকে দেওয়া সাক্ষাৎকারে মন্ত্রী এসব কথা বলেন। ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে সম্পাদকদের তীব্র আপত্তির মুখে আইনটি আবারও মন্ত্রিসভায় তোলার সিদ্ধান্ত হয়েছে। কেন আইনটি আবারও মন্ত্রিসভায় তোলার সিদ্ধান্ত নেওয়া হলো জানতে চাইলে তথ্যমন্ত্রী বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনটি সংসদ পাস করেছে। এখন সেটি রাষ্ট্রপতির চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। এমন পরিস্থিতিতে সম্পাদক পরিষদ এবং সাংবাদিক নেতারা কতিপয় বিষয়ে সুপারিশ প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ সদস্যদের বিষয়গুলো অবহিত করব। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১)।

**১০।	প্রধানমন্ত্রীর নির্দেশে দেশে শতভাগ বিদ্যুতায়ন কাজ চলছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**
**পিরোজপুরের ভাণ্ডারিয়ায় বিদ্যুৎ উপকেন্দ্র উদ্বোধন**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, আজ বাংলাদেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে শতভাগ বিদ্যুতায়নের কাজ চলছে, দেশজুড়ে আলোর নেটওয়ার্ক সৃষ্টি হয়েছে। প্রতিটি ঘর আলোকিত হওয়ার সঙ্গে সঙ্গে বাংলাদেশে একটি নতুন বাংলাদেশ তৈরি হয়েছে। এ বিদ্যুতায়নের ফলে বাংলাদেশে এখন মানুষের মধ্যে কর্মক্ষমতার এক স্ফুরণ সৃষ্টি হচ্ছে। প্রধানমন্ত্রীর নির্দেশে আগামীতে বিদ্যুতের সদ্ব্যবহার করে দেশের দক্ষিণাঞ্চলকে আরও সমৃদ্ধশালী করা হবে। তিনি গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) পিরোজপুর জেলার ভাণ্ডারিয়া উপজেলার ধাওয়া গ্রামে একটি বৈদ্যুতিক উপকেন্দ্র উদ্বোধন উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫)।

**১১।	জনগণের তথ্য ও গোপনীয়তা রক্ষার স্বার্থেই ডিজিটাল নিরাপত্তা আইন : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, যাদের মিথ্যা সংবাদ ছাপানোর উদ্দেশ্য নেই, ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ নিয়ে তাদের ভয়ের কিছু নেই। কারণ, আইনটি জনগণের তথ্য ও গোপনীয়তা সুরক্ষার জন্য প্রণীত হয়েছে। প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা তাঁর নিজস্ব ফেসবুক অ্যাকাউন্টে ডিজিটাল নিরাপত্তা আইনের কিছু ধারার সমালোচনার ব্যাপারে তাঁর মতামত তুলে ধরেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**১২।	দুর্গাপূজা উপলক্ষে থাকবে নিশ্ছিদ্র নিরাপত্তা : ডিএমপি কমিশনার**

ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, শারদীয় দুর্গাপূজাকে ঘিরে ঢাকা মহানগর পুলিশের পক্ষ থেকে নেওয়া হয়েছে কঠোর নিশ্ছিদ্র সমন্বিত নিরাপত্তা ব্যবস্থা। দুর্গাপূজাকে ঘিরে সোশ্যাল মিডিয়া ও অন্যান্য মাধ্যমে ছড়ানো কোনো গুজবে কান না দিয়ে নিশ্চিন্তে উৎসব করুন, পুলিশ নিরাপত্তা দেবে। গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) ঢাকা মহানগর পুলিশ সদরদপ্তর সম্মেলনকক্ষে অনুষ্ঠিত আসন্ন শারদীয় দুর্গাপূজার নিরাপত্তা সংক্রান্ত

সভায় হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দের উদ্দেশ্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।



**১৩। প্রথম প্রান্তিকে রেমিট্যান্স বেড়েছে ১৪ শতাংশ**

চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) প্রবাসী বাংলাদেশিরা ব্যাংকিং চ্যানেলে মোট ৩৮৬ কোটি মার্কিন ডলার সমপরিমাণ অর্থ দেশে পাঠিয়েছেন। গত অর্থবছরের একই সময়ের তুলনায় যা প্রায় ১৪ শতাংশ বেশি। মূলত হুন্ডি প্রতিরোধে কেন্দ্রীয় ব্যাংকের বিভিন্ন পদক্ষেপ ও আগের চেয়ে ভালো বিনিময় হার পাওয়ায় রেমিট্যান্স বাড়ছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৪)।

**১৪। সাফ অনূর্ধ্ব-১৮ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবল টুর্নামেন্টে নেপালকে হারিয়ে সেমিফাইনালে বাংলাদেশ**

ভুটানে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৮ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবল টুর্নামেন্টে বাংলাদেশ গ্রুপ পর্বের প্রথম ম্যাচে পাকিস্তানের বিপক্ষে ১৭-০ গোলে জয় পায়। ভুটানের চাংলিমিথাং ফুটবল স্টেডিয়ামে গতকাল (২ অক্টোবর মঙ্গলবার) গ্রুপ পর্বে নিজেদের শেষ ম্যাচে নেপাল অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল দলকে ২-১ গোলে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়েই সেমিফাইনালে উঠল বাংলাদেশ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

## সম্পাদকীয়

**ক.** **যায়যায়দিন :** দেশের চার নদীর নাব্যসংকট নিরসনে প্রায় সাড়ে চার হাজার কোটি টাকার প্রকল্প নিয়েছে সরকার এ খবরে সন্তোষ প্রকাশ করে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **বণিক বার্তা :** বিভিন্ন কোম্পানির অ্যাপভিত্তিক রাইড শেয়ারিং সেবা চালুর কারণে ঢাকায় মোটরসাইকেলের সংখ্যা বেড়েছে। বেপরোয়া মোটরসাইকেল চালকের কারণে রেড়েছে সড়কদুর্ঘটনা উল্লেখ করে এসব বেপরোয়া মোটরসাইকেল নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**গ.** **ইত্তেফাক :** বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ ব্যাংক ম্যানেজমেন্টের এক গবেষণা প্রতিবেদনে দেশের ২৮ শতাংশ ব্যাংকের বড় ধরনের সাইবার আক্রমণ মোকাবিলার কোনো প্রস্তুতি নাই, আংশিক প্রস্তুতি রয়েছে ৩৪ শতাংশ ব্যাংকের, অবশিষ্ট ৩৮ শতাংশ ব্যাংক যেকোনো ধরনের সাইবার আক্রমণ মোকাবিলায় প্রস্তুত এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ খাতে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **সংবাদ :** দেশে ব্যাপকহারে মানবদেহের জন্য ক্ষতিকর এনার্জি ড্রিংকসের ব্যবহার বাড়ায় উদ্বেগ প্রকাশ করে তরুণ প্রজন্মকে এ ব্যাপারে সচেতন করার আহ্বান।

ঙ. **ভোরের কাগজ :** দখলের কারণে রাজধানীর অধিকাংশ ফুটপাত চলাচলের আযোগ্য হয়ে পড়েছে উল্লেখ করে সড়ক-ফুটপাত অবৈধ দখলমুক্ত করে হকারদের পুনর্বাসনের ব্যবস্থা করার সুপারিশ।

**চ.** **নিউ এজ :** প্লাস্টিকপণ্যের দূষণকবলিত ২০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১০ম এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর প্লাস্টিক ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ করার দাবি।

**ছ.** **নিউ নেশন :** ডেঙ্গু জ্বরের প্রকোপ বেড়ে গেছে উল্লেখ করে এর প্রাদুর্ভাব রোধে মশানিধনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**জ.** **অবজারভার :** পোল্ট্রি মুরগির জন্য ভেজালমুক্ত, নিরাপদ, স্বাস্থ্যকর খাবার সরবরাহ করার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ব-দ্বীপ পরিকল্পনা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সুদূরপ্রসারী উন্নয়নের রূপকল্প, যার মাধ্যমে বাংলাদেশে আগামী কয়েক দশকে ভূমি ও পানিসম্পদ ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ করা হবে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'উন্নয়নের অগ্রযাত্রায় দেশের কৃষি খাতের অবদান'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষিক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়োপযোগী পদক্ষেপ এবং কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরীর সঠিক দিকনির্দেশনায় খোরপোশের কৃষি আজ বাণিজ্যিক কৃষিতে রূপান্তরিত হয়েছে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা